

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৫৫/২০২৩

তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারিকৃত অফিস আদেশ, নথি নং- ০৫/কাঃহাঃচট্টঃ/৫৬/রগুনি-১/সভা/বিবিধ/২০২৩/২৩৬০১(কাস), তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

Website: www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd

নথি নং- ০৫/কাঃহাঃচট্টঃ/৫৬/ রগুনি-১/সভা/বিবিধ/২০২৩/২৩৬০১(কাস)

তারিখঃ ১৩/০৯/২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

BGMEA এর শর্ট শিপমেন্ট সংক্রান্ত ২৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখের পত্রের প্রেক্ষিতে গত ০৪/০৯/২০২৩ খ্রিঃ তারিখে কাস্টম হাউস চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে অতিরিক্ত কমিশনার এর সভাপতিত্বে একটি সভার আয়োজন করা হয়। উক্ত সভায় BGMEA এর প্রতিনিধি, কতিপয় অফডক এর দায়িত্বরত কর্মকর্তাগণ, C&F Agents এর প্রতিনিধিসহ বিস্তারিত আলোচনা হয়। আলোচ্য সভায় সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে অনির্দিষ্ট Short Shipment প্রত্যয়নপত্র জারি সংক্রান্ত বিষয়াদি দ্রুততার সাথে সম্পাদন করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়; যথা :-

- ১) Short Shipment সংক্রান্ত প্রত্যয়ন প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ রগুনিকারক/ C&F Agents কে সংশ্লিষ্ট শাখায় আবেদন করতে হবে;
- ২) আবেদন দাখিলের পরবর্তী কার্যদিবসের মধ্যেই শাখা সহকারী নথি খুলে দায়িত্বরত ARO/RO এর নিকট উপস্থাপন করবেন;
- ৩) শাখা হতে নথি প্রাপ্তির পর দায়িত্বরত সহ: রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা প্রযোজ্য ক্ষেত্রে দলিলাদি যাচাইয়ের প্রয়োজন হলে ০২ (দুই) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর/দপ্তরসমূহ বরাবর একযোগে পত্র জারিকরণ সম্পন্ন করবেন;
- ৪) দলিলাদি যাচাইয়ের জন্য পত্র প্রেরণ ও উক্ত পত্রের জবাব প্রাপ্তির মধ্যবর্তী সময়ে নথিতে রক্ষিত অন্যান্য দলিলাদি যথাযথভাবে পর্যালোচনা সম্পন্ন করতে হবে;
- ৫) সংশ্লিষ্ট দপ্তর/দপ্তরসমূহ থেকে জবাব প্রাপ্তির পর উক্ত পত্রটির সত্যতা টেলিফোন, মোবাইল বা ই-মেইলে যাচাই করে নিতে হবে;
- ৬) যাচাইকৃত তথ্যসমূহের সঠিকতা প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে Short Shipment সংক্রান্ত প্রত্যয়নপত্র জারি নিশ্চিত করতে হবে;
- ৭) Short Shipment সংক্রান্ত বিষয়ে রগুনি শাখা/ইপিজেড/অফডক এর একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে; উক্ত রেজিস্টারে Short Shipment সংক্রান্ত আবেদনপত্রসমূহ ক্রমানুসারে লিপিবদ্ধ করতে হবে। একই সাথে উক্ত আবেদনপত্রের বিপরীতে গৃহীত ব্যবস্থা/সর্বশেষ অবস্থা নির্ধারিত কলামে লিপিবদ্ধ করতে হবে;
- ৮) Short Shipment সংক্রান্ত কার্যক্রম তদারকির সুবিধার্থে সপ্তাহান্তে উক্ত রেজিস্টারটি দায়িত্বরত সহ:/ডেপুটি কমিশনার বরাবর উপস্থাপন করতে হবে;
- ৯) Short Shipment সংক্রান্ত বিষয়ে কোন প্রকারেই অযথা সময়ক্ষেপন বা কালবিলম্ব করা যাবে না;

স্বাঃ/-

(মো: জয়নাল আবেদীন)

সহকারী কমিশনার (চ:দ:)

কমিশনার অব কাস্টমস এর পক্ষে

কাস্টম হাউস, চট্টগ্রাম

তারিখ: ১৩/০৯/২০২৩ খ্রিঃ